**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**ব্রাহ্মণবাড়িয়া শাখা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখা,ব্রাহ্মণবাড়িয়া এর ঋণগ্রহীতা **মেসার্স নরুল ইসলাম**, প্রোঃ- জনাব নুরুল ইসলাম, পিতা- মৃত মোঃ সৈয়দ আলী, মাতা- মোছাঃ রহিমা বেগম, ব্যবসায়িক ঠিকানা- ৬৯১,মেড্ডা বাস স্ট্যান্ড,ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ঠিকানা-হাজী বাড়ি,বিরাসার,সদর,ব্রাহ্মণবাড়িয়া, স্থায়ী ঠিকানা-হাজী বাড়ি,বিরাসার,সদর,ব্রাহ্মণবাড়িয়, কর্তৃক ইউসিবি, ব্রাহ্মণবাড়িয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৮/০৮/২০১৭ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট **১,২১,৮৮,০৯১.২৬** (এক কোটি একুশ লক্ষ আটাশি হাজার একানব্বই টাকা ছাব্বিশ পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেস্নখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা-ব্রাহ্মণবাড়িয়া,থানা-সদর ও সাব-রেজিষ্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া সদর, মৌজা-পশ্চিম পাইক পাড়া, জে, এল নং সাবেক-২৫৯, হাল-৬৭, সি,এস খতিয়ান নং-৩৮,এস,এ. খতিয়ান নং-২৩৮, ডি. পি. খতিয়ান নং-১৩৬৭, নামজারি খতিয়ান নং-৩৩৬/১, সি. এস. প্লট নং-২৩৫, এস. এ. প্লট নং-৫২২,ডি. পি. প্লট নং-১২৫৩ মোট জমির পরিমান **২.৫০** শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে- নুরুল ইসলাম ও অন্যান্য, দক্ষিণে- রাস্তা, পূর্বে- সাইফুল ইসলাম, পশ্চিমে- রাস্তা।

২। জেলা-ব্রাহ্মণবাড়িয়া,থানা-সদর ও সাব-রেজিষ্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া সদর, মৌজা-পশ্চিম পাইক পাড়া, জে, এল নং সাবেক-২৫৯, হাল-৬৭, সি,এস খতিয়ান নং-৩৮,এস,এ. খতিয়ান নং-২৩৮, ডি. পি. খতিয়ান নং-১৫৫, নামজারি খতিয়ান নং-৩৩৬/১, ৮৬২, সি. এস. প্লট নং-২৩৫, এস. এ. প্লট নং-৫৪১,ডি. পি. প্লট নং-১২২৭,১২২৯, মোট জমির পরিমান **৩.৬৮** শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে- নাজির হোসাইন, দক্ষিণে- কাজল দাশ, পূর্বে- নুরুল ইসলাম, পশ্চিমে- রাস্তা।

৩। জেলা-ব্রাহ্মণবাড়িয়া,থানা-সদর ও সাব-রেজিষ্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া সদর, মৌজা-পশ্চিম পাইক পাড়া, জে, এল নং সাবেক-২৫৯, হাল-৬৭, সি,এস খতিয়ান নং-৩৮,এস,এ. খতিয়ান নং-২৩৮, ডি. পি. খতিয়ান নং-১৫৫, নামজারি খতিয়ান নং-৮৬২, সি. এস. প্লট নং-২৬৩, এস. এ. প্লট নং-৫৪২,ডি. পি. প্লট নং-১২২৮ মোট জমির পরিমান **১.৫০** শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে- রাজু আহমেদ, দক্ষিণে- নাজির হোসাইন, পূর্বে- তিতাস নদী, পশ্চিমে- রাজু আহমেদ।

৪। জেলা-ব্রাহ্মণবাড়িয়া,থানা-সদর ও সাব-রেজিষ্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া সদর, মৌজা-বিরাসার, জে, এল নং সাবেক-২৫৬, হাল-৫৯, সি,এস খতিয়ান নং-২৯,এস,এ. খতিয়ান নং-৩৮, বি. এস. (ডি. পি.) খতিয়ান নং-২৭২, নামজারি খতিয়ান নং-৯/৩, জুট নং-১৮২ সি. এস. প্লট নং-২৪৩, এস. এ. প্লট নং-২৪৩,বি. এস. প্লট নং-৩৬৮ মোট জমির পরিমান **২৯.০০** শতাংশ যাহার চৌহদ্দীঃ উত্তরে-সৈয়দ আলী, দক্ষিণে- হাবিবুর রহমান, পূর্বে- হাফিজ মিয়া, পশ্চিমে- শফিউল্লাহ এবং অন্যান্য।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ০২/১০/২০১৭ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাহ্মণবাড়িয়া শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাহ্মণবাড়িয়া শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ  দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হসানর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাক্ষণবাড়িয়া শাখা।**